

## শিক্ষা আইন খসড়া মতামতের জন্য ওয়েবসাইটে

স্বায়ংসাহায্য

জাতীয় শিক্ষানীতির সুপারিশের আলোকে প্রণীত শিক্ষা আইন-২০১৩ এর  
খসড়া জনসম্মত গ্রহণের জন্য ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র জসসহযোগ-কর্মকর্তা সুবোধ চন্দ্র ঢালী বুধবার এ  
তথ্য জানান।

তিনি বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে [www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd) লগইন করে  
খসড়া আইনটি পাওয়া যাবে।

শিক্ষা মন্ত্রণালয়ের বিভাগে প্রণীত শিক্ষা আইনের বস্তুর ওপর সশীল সমাজ,  
রাজনীতিবিদ, জনপ্রতিনিধি, শিক্ষাবিদ, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ সব স্তরের  
মানুষের মতামত, সুপারিশ বা পরামর্শ থাকলে আগামী ২৫ আগস্টের মধ্যে  
[info@moedu.gov.bd](mailto:info@moedu.gov.bd), [refsq\\_021259@yahoo.com](mailto:refsq_021259@yahoo.com), [law\\_officer@moedu.gov.bd](mailto:law_officer@moedu.gov.bd)

-এ পাঠানোর অনুরোধ জানানো হয়েছে।

এ বিষয়ে শিক্ষামন্ত্রী মুহাম্মদ ইসহাক বলেন, 'কোনো রাজনৈতিক দৃষ্টিভঙ্গি থেকে  
নয়, আগামী প্রজন্মকে বিশ্বমানের শিক্ষায় সুশিক্ষিত করতে খসড়া আইন প্রণয়ন করা  
হয়েছে।' দল-মত নির্বিশেষে সবাই মতামত দিতে পারবেন জনিয়ে শিক্ষামন্ত্রী  
বলেন, 'একটি মুক্তসমত সময়ের মধ্যে আইনটি চূড়ান্ত করা হবে।'